# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
## Bangladesh Water Development Board

Office of the Executive Engineer
Kalapara WD. Division
BWDB, Kalapara, Patuakhali.
Phone: 04425-56535 (office)
01318235407 (office)

e-mail: xen.kalapara@gmail.com

নির্বাহী প্রকৌশলীর দপ্তর
কলাপাড়া পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, কলাপাড়া, পটুয়াখালী।
ফোনঃ ০৪৪২৫-৫৬৫৩৫ (অফিস)
০১৩১৮২৩৫৪০৭ (অফিস)

স্মারক নং-সি-৩০/০৮৭

তারিখ ঃ ২৬-০৭-২০২৬ খ্রিঃ।

***"সীমিত দরপত্র পদ্ধতির (LTM) আওতায় কার্য ক্রয় ও পণ্য সরবরাহ নেওয়ার লক্ষ্যে ঠিকাদার তালিকাভূক্তি/নবায়ন বিজ্ঞপ্তি"***

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কলাপাড়া পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, কলাপাড়া, পটুয়াখালী দপ্তরে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এর ৮০(১) ঘ মোতাবেক সীমিত দরপত্র পদ্ধতির (LTM) আওতায় অনধিক ৫.০০(পাঁচ) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ কার্য ও ৫০(পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের লক্ষ্যে ২০২৬-২০২৭ অর্থ বৎসরের জন্য ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্ত/নবায়ন করা হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা মহোদয়ের এর স্মারক নং-৪২.৩১.০০০.০০৫.২২.০০৩.১৫.১৩৪, তারিখ ঃ ২০-০৭-২০২০খ্রিঃ মোতাবেক The Accounts Officer, Regional Accounting Center, BWDB, Patuakhali. এর অনুকূলে নির্ধারিত আবেদন ফি বাবদ (ডকুমেন্ট) ৫০০.০০ (পাঁচশত) টাকার অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট করতঃ অত্র দপ্তরের প্রসাশনিক শাখায় দাখিলের মাধ্যমে আবেদনপত্র (ডকুমেন্ট) সংগ্রহ করা যাবে। নির্ধারিত আবেদনপত্র (ডকুমেন্ট) সঠিকভাবে পূরণ করতঃ প্রয়োজনীয় কাগজপত্রসহ আগামী ২৫-০৮-২০২৬ খ্রিঃ বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে অত্র দপ্তরের প্রসাশনিক শাখায় জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখ ও সময়ের পর তালিকাভূক্তি ফরম বিক্রয় গ্রহণ ও নবায়নের আবেদন গ্রহণ করা হবে না। উল্লেখ্য যে, LTM পদ্ধতি প্রয়োগের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ এর বিধি ৮০ অনুসরণযোগ্য এবং এ তালিকাভূক্তিকরণ দরপত্র আহবান/কাজ প্রদানের নিশ্চয়তা বিধান করে না।

**ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তির (কার্য-ক্রয় ও পণ্য) আবেদনের তফসিল ঃ**

| | | | |
|---|---|---|---|
| ১। | মন্ত্রণালয় | ঃ | পানি সম্পদ মন্ত্রণালয়। |
| ২। | সংস্থা | ঃ | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড। |
| ৩। | ক্রয়কারীর নাম | ঃ | কলাপাড়া পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, কলাপাড়া, পটুয়াখালী। |
| ৪। | আবেদনকারীর যোগ্যতা | ঃ | ১) বৈধ ট্রেড লাইসেন্স, ২) ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট, ৩) হালনাগাদ ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট (কার্য-২৫.০০ লক্ষ টাকা এবং পণ্য-৩.০০ লক্ষ টাকা), ৪) জাতীয় পরিচয় পত্র, ৫) পাসপোর্ট সাইজের ০৩ কপি ছবি, ৬) প্রতিষ্ঠানের যন্ত্রপাতির তালিকা, ৭) প্রতিষ্ঠানের জনবলের তালিকা, ৮) ঠিকাদার/প্রতিষ্ঠানের মালিকের ৩০০/-(তিনশত) টাকার ষ্ট্যাম্পে অঙ্গিকারনামা, ৯) ঠিকাদার/প্রতিষ্ঠানের এ্যাফিডেভিট এর কপি (প্রযোজ্য ক্ষেত্রে), এছাড়া ডকুমেন্টে বর্ণিত অন্যান্য তথ্যাদি। |
| ৫। | আবেদন ফরম ফি | ঃ | আবেদন ফরম ফি বাবদ- ৫০০/- (পাঁচ শত) টাকার অফেরৎযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট হিসাবরক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, পটুয়াখালী এর অনুকূলে ইস্যুকৃত এবং ১৫% ভ্যাট বাবদ ৭৫/-(পঁচাত্তর) টাকা ট্রেজারী চালানের মাধ্যমে জমা প্রদান পূর্বক চালানের মূল কপি অত্র দপ্তরে দাখিল করতে হবে। |
| ৬। | তালিকাভূক্তিকরণ ফি | ঃ | নিবন্ধন ফি বাবদ- ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার অফেরৎযোগ্য পে-অর্ডার /ব্যাংক ড্রাফট হিসাবরক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, পটুয়াখালী এর অনুকূলে। এছাড়াও অতিরিক্ত ১৫% হারে মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৭৫০/-(সাতশত পঞ্চাশ) টাকা ট্রেজারী চালানের মাধ্যমে জমা প্রদান পূর্বক চালানের মূল কপি দাখিল করতে হবে। **তবে একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্তাধিকারী নারী হলে** নিবন্ধন ফি বাবদ-৩০০০/-(তিন) হাজার টাকার অফেরৎযোগ্য পে-অর্ডার /ব্যাংক ড্রাফট হিসাবরক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, পটুয়াখালী এর অনুকূলে এবং এর ১৫% ভ্যাট বাবদ ৪৫০/-(চারশত পঞ্চাশ) টাকা ট্রেজারী চালানের মাধ্যমে জমা প্রদান পূর্বক চালানের মূল কপি অত্র দপ্তরে দাখিল করতে হবে। |
| ৭। | আবেদনকারী নাগরিক | ঃ | পটুয়াখালী জেলার স্থায়ী নাগরিকদের জন্য প্রযোজ্য। |
| ৮। | আবেদনের সময়সীমা | ঃ | ২৬-০৭-২০২৬ খ্রিঃ সকাল ৯.০০ ঘটিকা হতে ২৫-০৮-২০২৬ খ্রিঃ বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত (সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ব্যতীত)। |

ঠিকাদার তালিকাভুক্তি (কার্য-ক্রয়) নবায়নের তফসিল ঃ

| | | | |
|---|---|---|---|
| ১। | আবেদনের যোগ্যতা | ঃ | ১। আবেদন পত্র ২। বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স এবং ৩। ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট। |
| ২। | নবায়ন ফি | ঃ | নবায়ন ফি ২০০০/-(দুই হাজার) টাকার পে-অর্ডার ও সরকারী নির্ধারিত ফি অতিরিক্ত ১৫% হারে মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৩০০/-(তিনশত) টাকা ট্রেজারী চালানের মাধ্যমে জমা প্রদান পূর্বক চালানের মূল কপি দাখিল করতে হবে। **তবে একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্তাধিকারী নারী হলে নবায়ন ফি বাবদ-** ১৫০০/-(এক হাজার পাঁচশত) টাকা এবং ১৫% ভ্যাট বাবদ ২২৫/- (দুইশত পঁচিশ) টাকা ট্রেজারী চালানের মাধ্যমে জমা প্রদান পূর্বক চালানের মূল কপি অত্র দপ্তরে দাখিল করতে হবে। |
| ৩। | আবেদনের সময়সীমা | ঃ | ২০-০৮-২০২৬ খ্রিঃ, বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত (সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ব্যতীত)। |

(ক) উল্লেখ্য যে, ক্রয়কারী কর্তৃপক্ষ (Procuring Entity) আবেদনকারীদের আবেদনপত্র যাচাই-বাছাই সাপেক্ষে কোন কারণ দর্শানো ব্যতীরেকে সকল আবেদনপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতাবান। তালিকাভুক্তি মানেই কাজ প্রদানের নিশ্চয়তা নয়।

(খ) সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) দরপত্রে অংশ গ্রহণের জন্য অবশ্যই ই-জিপিতে নিবন্ধিত হতে হবে ।

(মোঃ শাহ্ আলম)
নির্বাহী প্রকৌশলী (পুর)
কলাপাড়া পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, কলাপাড়া, পটুয়াখালী।

স্মারক নং-সি/৩০ ১০৮৭/২০২১

তারিখ ঃ ২৬-০৭-২০২৬ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১। প্রধান প্রকৌশলী, দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পটুয়াখালী পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, পটুয়াখালী।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, পানি ভবন, গ্রীণ রোড, ঢাকা।
৪। **পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, গ্রীণরোড, ঢাকা (বিজ্ঞপ্তিটি জাতীয় পর্যায়ে বহুল প্রচারিত ১টি বাংলা ও ১টি ইংরেজী পত্রিকায় এবং পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলার একটি স্থানীয় পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো)।**
৫। জেলা প্রশাসক/পুলিশ সুপার, পটুয়াখালী।
৬। নির্বাহী প্রকৌশলী, পটুয়াখালী পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, পটুয়াখালী।
৭। **সিস্টেম এনালিস্ট, সেন্ট্রাল আইসিটি সেল, প্রধান প্রকৌশলী, মনিটরিং এর দপ্তর, বাপাউবো, পানি ভবন, গ্রীণরোড, ঢাকা (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।**
৮। উপ-বিভাগীয় প্রকৌশলী, কলাপাড়া পানি উন্নয়ন উপ-বিভাগ-১,২, বাপাউবো, কলাপাড়া, পটুয়াখালী।
৯। হিসাবরক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, পটুয়াখালী।
১০। উপ-সহকারী প্রকৌশলী/প্রাক্কলনিক, অত্র দপ্তর।
১১। উচ্চমান সহকারী/উঃ হিসাব সহকারী, অত্র দপ্তর।
১২। অফিস কপি।

২৬-০৭-২৬

নির্বাহী প্রকৌশলী
কলাপাড়া পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, কলাপাড়া, পটুয়াখালী।

২৬/০৭/২৬